

ভোরে কাগজ

তারিখ ... 25 JUL 1998 ...

পৃষ্ঠা: ৩

গোলযোগের প্রেক্ষিতে সিন্ডিকেটের সিদ্ধান্ত

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৩১ আগস্ট
পর্যন্ত ছাত্ররাজনীতি বন্ধ, হল ও
ক্লাস এক সপ্তাহ বন্ধ থাকবে

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি : ইসলামী বিশ্ববিদ্যালয়ে গত বুধ ও বৃহস্পতিবারে সংঘটিত ঘটনাবলীর প্রেক্ষিতে গতকাল (শুক্রবার) উপাচার্যের কুঠিয়াস্থ বাসভবনে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ১৪০তম সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত গৃহীত হয় আগামী ৩১ আগস্ট পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি বন্ধ থাকবে এবং আজ (শনিবার) থেকে আগামী এক সপ্তাহ বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ বন্ধ থাকবে। আজ দুপুর ১২টার মধ্যে ছাত্রছাত্রীদের হল ত্যাগ করতে বলা হয়েছে। এই এক সপ্তাহ বিশ্ববিদ্যালয়ে কোনো ক্লাস ও পরীক্ষা হবে না।

এদিকে বুধ ও বৃহস্পতিবার ছাত্রলীগ ও ছাত্রী শিবিরের মধ্যকার সংঘর্ষের কারণে গতকাল শুক্রবার ইসলামী বিশ্ববিদ্যালয় ছিল থমথমে। গত দুই দিনের সংঘর্ষের সময় শিবিরের সন্ত্রাসী কর্তৃক উপাচার্য অফিস ভাঙচুর, শিক্ষকদের লাঞ্চিত করাসহ যে সকল ঘটনা ঘটেছে সে ব্যাপারে ছাত্র উপদেষ্টা আ.ন.ম. রেজাউল করিমকে আহ্বায়ক করে ৪ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্যরা হলেন : শওকত জাহাঙ্গীর (হিসাববিজ্ঞান), এ কে এম মনিরুজ্জামান (হিসাববিজ্ঞান), ড. আফাজ উদ্দীন (দাওয়া) ও তোফাজ্জেল হোসেন (আরবি ভাষা ও সাহিত্য)। আগামী ৬ আগস্টের মধ্যে কমিটিকে তাদের রিপোর্ট পেশ করতে বলা হয়েছে।

উল্লেখ্য, এই ক্যাম্পাসে ৬ মাস ছাত্ররাজনীতি বন্ধ থাকার পর গত ১ জুলাই থেকে ছাত্ররাজনীতি শুরু ২১ দিনের মাথায় বিবদমান দুটি গ্রুপ সংঘর্ষ বাধায়। এ রিপোর্ট লেখা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে দুজন ম্যাজিস্ট্রেটসহ দুজন অ্যাডিশনাল এসপিওর নেতৃত্বে দুই শতাধিক পুলিশ মোতায়েন রয়েছে।